দৈনিক বাংলা

তারিখ 12 APR 1995
পৃষ্ঠা ২ কলাম ৫

23

# যশোর বোর্ড ঃ এবার এইচএসসিতে ভুয়া রেজিস্ট্রেশন

যশোর ব্যুরো ঃ এসএসসি পরীক্ষার রেজিস্ট্রেশন কেলেংকারি ফাঁস হবার পর এবার যশোর শিক্ষা বোর্ডে এইচএসসি পরীক্ষায়ও রেজিস্ট্রেশন কেলেংকারি ও অন্যান্য অনিয়ম ধরা পড়েছে। পরীক্ষার ফরম পূরণের পর এসব ঘটনা জানাজানি হয়। বোর্ডের দায়িত্বশীল সূত্র এ সংবাদ জানায়।

পরীক্ষার ফরম যাচাইকালে দেখা যায় বহু পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর ভুয়া। অনেকে বিনা অনুমতিতে কেন্দ্র পরিবর্তন করেছেন। যা সম্পূর্ণ অবৈধ। যশোর শিক্ষা বোর্ড ভুয়া এইচএসসি পরীক্ষার্থীদের খুঁজে বের করার জন্য সমস্ত কলেজগুলিকে প্রিন্ট আউট পাঠানোর নির্দেশ দিয়েছে। গত ৩০ মার্চ সর্বত্র পত্রযোগে ওই নির্দেশ দেয়া হয়। উল্লেখ্য, যশোর শিক্ষাবোর্ড ইতোমধ্যে এসএসসি পরীক্ষায় ভুয়া রেজিস্ট্রেশনধারী সাড়ে ১৫ হাজার পরীক্ষার্থীর আবেদন বাতিল করেছে।